



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী
কমিশন



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd



স্মারক নং : ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৯
১১ এপ্রিল ২০২৩

বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে মৌলিক গবেষণাকর্মে সহায়তা দানের জন্য দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে কমিশনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

- (ক) আবেদনকারীকে অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে হবে;
- (খ) পিএইচডি ডিগ্রিধারী প্রভাষক এবং সহকারী অধ্যাপক থেকে অধ্যাপকগণ আবেদন করতে পারবেন;
- (গ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে বর্তমানে কোনো প্রকল্প চলমান থাকলে তা সমাপ্ত না হওয়া পর্যন্ত আবেদন করার সুযোগ নেই;
- (ঘ) একই প্রকল্প প্রস্তাব একাধিক ক্যাটাগরিতে দাখিল করা যাবে না;
- (ঙ) গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে কমিশন কর্তৃক আরোপিত সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- (চ) আবেদনকারীকে আবশ্যিকভাবে নির্ধারিত ফরম পূরণপূর্বক তীর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, বিগত ০৫ (পাঁচ) বছরে সম্পাদিত গবেষণা প্রকল্প/প্রকাশনার তালিকা এবং আবেদনকৃত গবেষণা প্রকল্পের (i) Title (ii) Rationale/ Statement of the Problem (iii) Research Gap (iv) Relevance to National Interest (v) Objectives (vi) Methodology (vii) Expected Outcomes এবং (viii) Policy Implications-উল্লেখপূর্বক অনধিক ৫০০ শব্দের মধ্যে প্রকল্প সারসংক্ষেপ স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক Plagiarism Checking সার্টিফিকেটসহ (যদি থাকে) প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে;
- (ছ) কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা/প্রশাসন শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা এবং বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;
- (জ) প্রকল্প প্রস্তাবের ৪ (চার) কপি (হার্ড কপি) মধ্যে প্রকল্প পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যতীত ০৩ (তিন কপি) এবং ০১ (এক) কপি বিভাগীয় প্রধান/ইনস্টিটিউট প্রধান/অনুষদের ডিন দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের রিসার্চ সেল/কেন্দ্রের অগ্রায়ণসহ (প্রয়োজ্য ক্ষেত্রে) রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ২৫ মে ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;
- (ঝ) প্রকল্প প্রস্তাবের সফট কপি Microsoft Office Word ফরমেটে সংশ্লিষ্ট ক্যাটাগরি অনুযায়ী নিম্নলিখিত ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, একই প্রকল্প প্রস্তাব একাধিক ক্যাটাগরিতে দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

ই-মেইল ঠিকানা:

১. কলা ও মানবিক : arts_humanities.rsp@ugc.gov.bd
২. সামাজিক বিজ্ঞান : social_science.rsp@ugc.gov.bd
৩. ব্যবসায় শিক্ষা/প্রশাসন: businessstudies_administration.rsp@ugc.gov.bd
৪. অর্থ ও হিসাব : finance_accounts.rsp@ugc.gov.bd
৫. আইন ও বিচার : law_justice.rsp@ugc.gov.bd
৬. ভৌতবিজ্ঞান : physical_science.rsp@ugc.gov.bd
৭. জীববিজ্ঞান : biological_science.rsp@ugc.gov.bd
৮. রাসায়নিক বিজ্ঞান : chemical_science.rsp@ugc.gov.bd
৯. কৃষি (জীবন বিজ্ঞান) : life_science.rsp@ugc.gov.bd
১০. কৃষি (ফসল বিজ্ঞান) : crop_science.rsp@ugc.gov.bd
১১. প্রকৌশল বিজ্ঞান (পুর, যন্ত্র ও তড়িৎ): eng_civil.mechanical.electrical.rsp@ugc.gov.bd
১২. প্রকৌশল বিজ্ঞান (অন্যান্য) : eng.miscellaneous_science.rsp@ugc.gov.bd
১৩. চিকিৎসাবিজ্ঞান : medical_science.rsp@ugc.gov.bd
১৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : ict.rsp@ugc.gov.bd
১৫. স্থাপত্য, নগর ও অঞ্চল পরিকল্পনা : aurp.rsp@ugc.gov.bd
১৬. দুর্যোগ/জলবায়ু/পরিবেশ: disaster.climate_environment.rsp@ugc.gov.bd

(এ) গবেষণা প্রকল্পের আবেদনপত্রের ফরম, শর্তাবলী এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাবলি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)- এর “গবেষণা প্রকল্প/ গবেষণা সহায়তা মঞ্জুরী” সেবা বক্সে পাওয়া যাবে।

ড. মো: ফখরুল ইসলাম
পরিচালক
ফোন- ০২৫৮১৬০১০৮